# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৩.৯৯.০০৫.২২/৩৭৮ তারিখ: ১২-১২-২০২২ খ্রি.

বিষয়: বোর্ডের ২০২৩ শিক্ষাবর্ষে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণি এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত।

এতদ্‌সংগে বোর্ডের ২০২৩ শিক্ষাবর্ষে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণি এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তিটি নিম্নবর্ণিত পত্রিকাসমূহে জরুরি ভিত্তিতে প্রকাশের জন্য ব্যবস্থা গ্রহণার্থে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | পত্রিকার নাম | প্রচারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | দৈনিক বাংলাদেশ প্রতিদিন | একটি<br>সাইজ: ১০″ × ৪ কালাম | ১৩ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখ একদিন প্রকাশ করতে হবে। |
| ২. | দৈনিক যুগান্তর | | |

বিজ্ঞপনটি ছাপা হলে প্রতিটি পত্রিকার দু'কপি এবং ০৩ (তিন) কপি বিল সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তি ঃ বিজ্ঞপ্তি-০১ (এক) পাতা।

১২/১২/২২

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ৫৫০০৬৫২২ (অফিস)

বিতরণ:

১। দৈনিক বাংলাদেশ প্রতিদিন
বিজ্ঞাপন ম্যানেজার
প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা আ/এ, ঢাকা।

২। দৈনিক যুগান্তর
বিজ্ঞাপন ম্যানেজার
এ ২৪৪ প্রগতি স্মরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯।

স্মারক নং- ৫৭.১৭.০০০০.১০৩.৯৯.০০৫.২২/৩৭৮ (১১) তারিখ: ১২-১২-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি বিতরণ করা হলো ঃ-

১-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক আইটিসি/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপপরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিটি অত্র বোর্ডের ওয়েব সাইটে দেওয়ার জন্য প্রেরণ করা হলো)।
৯। স্টোর অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। সংশ্লিষ্ট নথি।

১২/১২/২২

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন- ৫৫০০৬৫২২ (অফিস)

G:\Jahid\Work Order News Paper\Store.doc

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
Web Site: www.bteb.gov.bd

## ২০২৩ শিক্ষাবর্ষে জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণি এবং এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত জেএসসি (ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) এর পাঠ্যক্রম দেশ-বিদেশের চাকরি বাজারের চাহিদা ও প্রযুক্তিগত পরিবর্তনের নিরীখে যুগোপযোগী করা হয়েছে। বোর্ড অনুমোদিত সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা, টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট (টিভিআই), স্বতন্ত্র কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (টিএসসি) সমূহে জেএসসি (ভোকেশনাল) ও এসএসসি (ভোকেশনাল)/দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৩ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট ট্রেড ও আসন সংখ্যা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির আহবান করা যাচ্ছে।

**১. ভর্তির নিয়মাবলী: জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম**

*৬ষ্ঠ শ্রেণির জন্য:*

১.১ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে পঞ্চম শ্রেণি/ইবতেদায়ী/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য যোগ্য হবে।

*৭ম ও ৮ম শ্রেণির জন্য:*

১.২ কোনো অনুমোদিত বিদ্যালয়/মাদ্রাসা হতে সাধারণ ও মাদ্রাসা শিক্ষা ধারার ৬ষ্ঠ ও ৭ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীরা জেএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের শূন্য আসনে যথাক্রমে ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এধরণের শিক্ষার্থী ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সুযোগ পেলে কর্মমুখী প্রকৌশল শিক্ষা পাঠ্যসূচির শিখন ঘাটতি মেকআপ ক্লাসের মাধ্যমে সম্পাদন করবে।

**২. ভর্তির নিয়মাবলী: এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম**

*৯ম শ্রেণির জন্য:*

২.১ এসএসসি (ভোকেশনাল) এবং দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ৯ম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যে কোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/জেএসসি (ভোকেশনাল)/অষ্টম শ্রেণি উত্তীর্ণরা ২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২.২ সরকারি প্রতিষ্ঠানের ১ম শিফটে ভর্তিচ্ছু প্রার্থীদের ২০১৭ অথবা এর পরবর্তী সময়ে জেএসসি/জেডিসি/জেএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি উত্তীর্ণদের পাশের সন শিথিল যোগ্য।

২.৩ ভর্তিচ্ছু প্রার্থীদেরকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং নিজ হস্তাক্ষরে ফরম পূরণ করতে হবে।

২.৪ প্রার্থীকে ভর্তির আবেদনপত্রের সাথে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/জেএসসি (ভোকেশনাল)/অষ্টম শ্রেণি পাশের নম্বরপত্রের সত্যায়িত/অনলাইন নম্বরপত্রের কপি, ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি এবং ফরম সংগ্রহের সময় প্রাপ্ত রশিদ সংযুক্ত করতে হবে।

২.৫ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের অফিসে যোগাযোগ করে ভর্তি বিষয়ে বিস্তারিত জানা যাবে। ভর্তি সংক্রান্ত তথ্য বোর্ডের নিজস্ব ওয়েব সাইট (**www.bteb.gov.bd**)-এ দেখা যাবে।

২.৬ ভর্তিকৃত শিক্ষার্থীদের তথ্য স্ব স্ব প্রতিষ্ঠান কারিগরি শিক্ষা বোর্ডের ই-সেবা প্ল্যাটফর্মে এন্ট্রি করবে।

৩. শিক্ষাবর্ষ: শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত।

৪. ভর্তি সংক্রান্ত সময়সূচি:

| কার্যক্রম | বেসরকারি প্রতিষ্ঠান (প্রথম শিফট) | টেকনিক্যাল স্কুল ও কলেজ/টিভিআই (প্রথম শিফট ও দ্বিতীয় শিফট) |
|---|---|---|
| আবেদনপত্র বিতরণ ও গ্রহণ | ২১/১১/২০২২ খ্রি. হতে ২২/১২/২০২২ খ্রি. পর্যন্ত<br>(সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতিত) | |
| লটারির মাধ্যমে ট্রেড অনুসারে নির্বাচিত শিক্ষার্থীর তালিকা প্রকাশ | ২৭/১২/২০২২ খ্রি. | |
| শিক্ষার্থী ভর্তি | ২৮/১২/২০২২ খ্রি. হতে ৩১/১২/২০২২ খ্রি. পর্যন্ত | |
| বই উৎসব | ০১/০১/২০২৩ খ্রি. | |
| ক্লাস আরম্ভের তারিখ | ০৮/০১/২০২৩ খ্রি. | |

* শিক্ষা মন্ত্রণালয়ের সরকারি/বেসরকারি ভর্তির নীতিমালা অনুসরণ করতে হবে।

স্বাক্ষরিত/-
**প্রকৌশলী ফরিদ উদ্দিন আহম্মেদ**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।